# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৯২

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ এই দুনিয়ার নগণ্য কোন জিনিস সাহায্য চেয়ে কিংবা লোভাতুর হয়ে গ্রহণ করার ব্যাপারে নিষেধাজ্ঞা

ذِكْرُ الزَّجْرِ عَنْ أَنْ يَأْخُذَ الْمَرْءُ شَيْئًا مِنْ حُطَامِ هَذِهِ الدُّنْيَا وَهُوَ سَائِلٌ أَوْ شره

আরবী

3392 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا زَيْدُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا مُعَاوِيَةُ بْنُ صَالِحٍ قَالَ: حَدَّثَنا رَبِيعَةُ بْنُ يَزِيدَ الدِّمَشْقِيُّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَامِرٍ الْيَحْصِبِيِّ قَالَ: سَمِعْتُ مُعَاوِيَةَ يَقُولُ عَلَى مِنْبَرِ دِمِشْقَ: إِيَّاكُمْ وَأَحَادِيثَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَّا حَدِيثًا كَانَ فِي عَهْدِ عُمَرَ فَإِنَّ عُمَرَ كَانَ يُخيف النَّاسَ فِي اللَّهِ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم يَقُولُ: (مَنْ يُرِدِ اللَّهُ بِهِ خَيْرًا يُفَقِّهْهُ فِي الدِّينِ) وَسَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (إِنَّمَا أَنَا خَازِنٌ فَمَنْ أَعْطَيْتُهُ عَنْ طِيبِ نَفْسٍ يُبَارَكْ لَهُ فِيهِ وَمَنْ أَعْطَيْتُهُ عَنْ مَسْأَلَةٍ وَعَنْ شَرَهٍ كَانَ كَالَّذِي يأكل ولا يشبع)

الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3392 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (1194 ـ 1196).

বাংলা

৩৩৯২. আব্দুল্লাহ বিন আমির আল ইয়াহসিবী থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি মুআবিয়া রাদ্বিয়াল্লাহু আনহুকে দিমাশকের মিম্বারের উপর বলতে শুনেছি, তিনি বলেছেন, “তোমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে হাদীস বর্ণনার ক্ষেত্রে সতর্ক থাকবে। তবে সেসব হাদীস ব্যতীত, যেগুলো উমার রাদ্বিয়াল্লাহু আনহুর শাসনামলে প্রচলিত ছিল। কেননা তিনি মানুষকে আল্লাহকে ভয় করার জন্য উৎসাহ দিতেন। আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “আল্লাহর যার কল্যাণ চান, তাকে দ্বীনের গভীর জ্ঞান দান করেন।” আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে আরো বলতে শুনেছি, তিনি বলেছেন, “নিশ্চয়ই আমি একজন

কোষাধ্যক্ষ মাত্র। কাজেই যাকে আমি খুশি মনে কিছু প্রদান করি, তাকে তাতে বারাকাহ দেওয়া হবে, আর যাকে আমি চাওয়ার কারণে এবং এর প্রতি লোভাতুর থাকার কারণে প্রদান করি, সে ঐ ব্যক্তির মতো, যে খায় কিন্তু পরিতৃপ্ত হয় না।”[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১০৩৭; মুসনাদ আহমাদ: ৪/৯৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ১১৯৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমির আল ইয়াহসাবী (রাযিঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92726

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন